# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ টাঃ ৫৬,৫০০-৭৪,৪০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল- ২০১৫) ডাইরেক্টর অব পাবলিক রিলেশন্স-এর স্থায়ী পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীকে মাস্টার্স পাস হতে হবে এবং তাকে শিক্ষা জীবনের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণিতে উত্তীর্ণ হতে হবে। প্রার্থীকে সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জনসংযোগ দফতরে উপ-পরিচালক পদে কমপক্ষে ৮ বছর এবং জাতীয় দৈনিক পত্রিকায় রিপোর্টার হিসেবে অন্তত ৫ বছর কাজের অভিজ্ঞতাসহ সাংবাদিকতায় অথবা অনুরূপ মর্যাদাসম্পন্ন কর্মকর্তারূপে ন্যূনতম ২০ (বিশ) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। প্রকাশনার ক্ষেত্রে বিশেষ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ১৫-১২-২০২৫ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে।

এসসি-২৫২/২৫ (৩´×৩)